# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০২.১৯-১৬৬

তারিখঃ ০৬-০৩-১৪২৮ বঙ্গাঃ
২০-০৬-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.০১২.১৬০.১৫-৫৯৯ তারিখঃ ১৭.০৯.২০১৯ খ্রিঃ এর মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা বরাবর প্রেরিত পত্রের মাধ্যমে জনাব মোঃ নূরে হেলাল, পরিচালক, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মহোদয়কে কাগজপত্রের সাথে যুক্ত করে ২০(বিশ) হাজার টাকা ঘুষ প্রদানে চেষ্টা করা সংক্রান্ত কতিপয় অনিয়মের অভিযোগে জনাব মোঃ নূরে হেলাল, পরিচালক, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকাকে অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৩১-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-২৬/২০১৯ তারিখ ১৩-০১-২০২০ খ্রিঃ এর মাধ্যমে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করতঃ অত্র দপ্তরের স্মারক নং-৩২-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-২৬/২০১৯ তারিখ ১৩-০১-২০২০ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও (খ) মোতাবেক অভিযুক্ত করে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করত: আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে ১০ কার্যদিবসের মধ্যে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ নূরে হেলাল, পরিচালক এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত বিবৃতি/জবাব পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৯৯-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-২৬/২০১৯ তারিখ ১৮-০৩-২০২০ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন। অতঃপর অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০২.১৯-১৫ তারিখ ২১-০১-২০২১ খ্রিঃ এর মাধ্যমে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, সুস্পষ্ট মতামতসহ স্বয়ংসম্পূর্ণ তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান এবং সাময়িক বরখাস্তকালীন সময়কাল কর্তব্যকাল হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ নূরে হেলাল, পরিচালক, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান এবং সাময়িক বরখাস্তকালীন সময়কাল বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৬(১) অনুযায়ী কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২০.৬.২০২১
(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০২.১৯-১৬৬(৫)

তারিখঃ ০৬-০৩-১৪২৮ বঙ্গাঃ
২০-০৬-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাপাউবো, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে সার্কুলার হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ নূরে হেলাল, পরিচালক, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

20/06/2021
(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

E/Asma/OO. Realese P-92